

ডিউক অব এডিনবার্গ'স পুরস্কারে সম্পৃক্ত হল ব্র্যাক ইউনিভার্সিটি

নিজস্ব প্রতিবেদক, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 28 Jan 2020 09:48 PM BDST Updated: 28 Jan 2020 09:48 PM BDST



ডিউক অব এডিনবার্গ'স অ্যাওয়ার্ড ফাউন্ডেশন বাংলাদেশের সঙ্গে সম্পৃক্ত হয়েছে বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

মঙ্গলবার রাজধানীর মহাখালিতে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে দুই প্রতিষ্ঠানের মধ্যে চুক্তি হয় বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

বিশ্ববিদ্যালয়টির উপাচার্য ভিনসেন্ট চ্যাং এবং ডিউক অব এডিনবার্গ'স অ্যাওয়ার্ড ফাউন্ডেশনের ন্যাশনাল ডিরেক্টর ব্রিগেডিয়ার জেনারেল কায়সার আহমেদ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন।

লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণ ও আনুসঙ্গিক বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধিতে উৎসাহ প্রদান করতে আন্তর্জাতিক বিভিন্ন প্ল্যাটফর্মে যোগ দিচ্ছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে ব্র্যাক বিশ্ববিদ্যালয় জানায়, নতুন এই প্ল্যাটফর্মটি শিক্ষার্থীদের আন্তঃব্যক্তিক যোগাযোগ দক্ষতাসহ বিভিন্ন আনুসঙ্গিক গুণাবলী অর্জনে সহায়তা করে উচ্চ শিক্ষা ও কর্মজীবনের পথ মসৃণ করবে।

ডিউক অব এডিনবার্গ'স অ্যাওয়ার্ড ফাউন্ডেশন যুক্তরাজ্যভিত্তিক ব্রিটিশ রাজপরিবার দ্বারা পরিচালিত একটি প্রতিষ্ঠান। ১৯৫৬ সাল থেকে প্রিন্স ফিলিপের হাত ধরে যাত্রা শুরু করা এই ফাউন্ডেশন বাংলাদেশসহ বিশ্বের ১৪৪টিরও বেশি দেশে তাদের কার্যক্রম পরিচালনা করছে।

২০০৮ সালে বাংলাদেশে যাত্রা শুরু করে ডিউক অব এডিনবার্গ'স অ্যাওয়ার্ড ফাউন্ডেশন। এখন পর্যন্ত দেশের ৯৪টি শিক্ষা প্রতিষ্ঠান এই পুরস্কার প্রদান করছে।